



প্রকল্পের নাম : সবুজসাথী

- দণ্ডর বা বিভাগের নাম : অন্তর্গত শ্রেণি কল্যাণ দণ্ডর
- প্রকল্পের উদ্দেশ্য : ছাত্রছাত্রীদের সাইকেল বিতরণের একটি প্রকল্প ‘সবুজসাথী’। ২০১৫-১৬ অর্থবর্ষের বাজেট বিবৃতি দেওয়ার সময় মুখ্যমন্ত্রী মর্মতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেন, রাজ্যের সরকারি, সরকার পোষিত ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় এবং মাদ্রাসার নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীকে সাইকেল দেওয়া হবে। এই প্রকল্পটি এখন ‘সবুজসাথী’ নামে পরিচিত। নামকরণ করেছেন মুখ্যমন্ত্রী স্বয়ং। এই প্রকল্পে ৭০ লক্ষ ছাত্র-ছাত্রীকে সাইকেল দেওয়া হচ্ছে।

ছাত্রছাত্রীরা যেন ভবিষ্যতে নিজেদের পায়ে দাঁড়ানোর ক্ষমতা অর্জন করতে পারে সেই উচ্চাশা নিয়েই মুখ্যমন্ত্রীর এই স্বপ্নের প্রকল্প। প্রকল্পের লোগোটি ও তিনিই একেছেন। সাইকেলের সামনের ঝুঁড়ির সঙ্গে লোগোটি সংযুক্ত করা হয়েছে। ২০১৫ সালে সেপ্টেম্বর মাসে পশ্চিম মেদিনীপুরের এক অনুষ্ঠান মৎস্য থেকে মুখ্যমন্ত্রী নিজের হাতে এই প্রকল্পের মাধ্যমে সাইকেল বিতরণ শুরু করেন।

ছাত্রছাত্রীদের, প্রধানত ছাত্রীদের ক্ষমতা বৃদ্ধি, এবং উচ্চশিক্ষার ক্ষেত্রে স্কুল-ছুট (Drop outs)-এর হার কমানোই এই প্রকল্পের উদ্দেশ্য।

অন্তর্গত শ্রেণি কল্যাণ দণ্ডর এই প্রকল্প ক্লাপায়ণের নোডাল দণ্ডর। এই দণ্ডরের অন্তর্গত পশ্চিমবঙ্গ তপশিলি জাতি ও আদিবাসী উন্নয়ন ও বিত্ত নিগম, নোডাল এজেন্সি হিসাবে কাজ করে। বিভিন্ন দণ্ডরের বরিষ্ঠ সচিব ও আধিকারিকদের নিয়ে গঠিত স্টিয়ারিং কমিটি এই প্রকল্পের সাইকেল সংগ্রহ এবং বিতরণের বিষয়টি নজরদারি এবং পরিচালনা করে।





জেলাত্তরে এই প্রকল্প কুপায়ণের জন্য নোডাল আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে। এসডিও, বিডিও এবং পৌরসভার এক্স্ট্রিকিউটিভ আধিকারিকেরা নির্দিষ্ট সময়সূচিক এই প্রকল্প কুপায়ণের সঙ্গে যুক্ত। এই প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হল— বিশাল সংখ্যক সাইকেল সংগ্রহ করা। এই উদ্দেশ্যে আন্তর্বিভাগীয় টেন্ডার কমিটি গঠন করা হয়েছে।

তিনটি নামী সাইকেল প্রস্তুতকারক সংস্থা—হিরো সাইকেলস লিমিটেড, টিআই সাইকেলস লিমিটেড এবং অ্যাভন সাইকেলস লিমিটেড সাইকেল সরবরাহ করার জন্য নির্বাচিত হয়েছে।

প্রকল্প কুপায়ণের কাজ ই-গভর্ন্যান্স-এর মাধ্যমে হচ্ছে। এই প্রকল্পের প্রতিটি পর্যায় সম্পর্কে সুচারুভাবে তথ্য জানার জন্য এবং এই বিশাল প্রকল্পের সঙ্গে যুক্ত সকলের কাছে প্রয়োজনীয় তথ্য পৌঁছে দিতে NIC-র সহযোগিতায় একটি ওয়েবসাইট চালু করা হয়েছে—
<http://www.wbsaboojsathi.gov.in>

- কারা প্রকল্পের সুবিধা পাবে : রাজ্যের সরকারি, সরকার পৌষ্টি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ের নবম থেকে দ্বাদশ শ্রেণির ছাত্র-ছাত্রী।

- যোগাযোগ : বিদ্যালয়ের প্রধানের সঙ্গে যোগাযোগ করতে হবে।

